24 MAR 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক

# ইবিতে প্রার্থনালয়ে ছাত্রলীগের ভাঙচুর

■ ইবি সংবাদদাতা

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) সনাতন ধর্মালম্বীদের প্রার্থনালয়ে ছাত্রলীগের একাংশের কর্মীরা ভাঙচুর চালিয়েছে বলে অভিযোগ উঠেছে। গতকাল বেলা ৩টার দিকে টিএসসির ভেতরে অবস্থিত মন্দিরে তারা এ ভাঙচুর করে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, ছাত্রলীগের সহ-সম্পাদক ফয়সাল ' সিদ্দিকী আরাফাত গ্রুপের শাহজালাল ইসলাম সোহাগ, রিয়ন মিয়া, আব্রির হোসেনসহ ৫/৬ জন প্রার্থনালয়ে-ভাঙচুর করে। এতে মন্দিরের বাইরের জানালার গ্লাস ভেঙে যায়। তবে কি কারণে এ ভাঙচুর হয়েছে তা কারো কাছে স্পষ্ট নয়।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মাহবুবর রহমান বলেন, 'আমি ঘটনাটি শুনে মর্মাহত হয়েছি। বিষয়টি নিয়ে তদন্ত চলছে। তবে ঘটনার সাথে জড়িত যে বা যারাই থাকুক না কেন তাদের বিচরের আওতায় আনা হবে।'